

শিক্ষকদের এমপিওভুক্তকরণের দাবি জানাল জামায়াত

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

দেশের শিক্ষাপ্রতিষ্ঠান ও শিক্ষকদের জাতীয়করণ এবং নন

এমপিওভুক্ত শিক্ষকদের এমপিওভুক্ত করার দাবি জানিয়েছে

বাংলাদেশ জামায়াতে ইসলামী। আজ সোমবার জামায়াতে

ইসলামীর একটি প্রতিনিধি দল অন্তর্বর্তী সরকারের শিক্ষা উপদেষ্টা

চৌধুরী রফিকুল (সি আর) আবরারের সঙ্গে বৈঠক করে এমন

দাবি জানায়।

দলের কেন্দ্রীয় নায়েবে আমির অধ্যাপক মজিবুর রহমানের

নেতৃত্বে সচিবালয়ে শিক্ষা উপদেষ্টার সঙ্গে বৈঠক করে জামায়াত।

বৈঠক শেষে অধ্যাপক মজিবুর রহমান বলেন, ‘শিক্ষা উপদেষ্টার

সঙ্গে প্রায় এক ঘণ্টা বৈঠক করেছি, যা অত্যন্ত ফলপ্রসূ হয়েছে।

আমাদের দাবিগুলো ছিল দেশের শিক্ষাপ্রতিষ্ঠান ও শিক্ষকদের

জাতীয়করণ এবং নন-এমপিও শিক্ষকদের দ্রুত এমপিওভুক্ত

করা।'

৫

কর্মকর্তাদের জরুরি নির্দেশনা দিয়ে সব ব্যাংককে চিঠি



এ ছাড়া সিলেবাস প্রণয়নের বিষয়ে একটি প্রস্তাব উত্থাপন করা

হয়, যেখানে দেশের সব ধরনের শিক্ষাপ্রতিষ্ঠান থেকে প্রতিনিধি

নিয়ে একটি কমিটি গঠন করে জনগণের প্রত্যাশা অনুযায়ী

সিলেবাস প্রণয়নের আহ্বান জানানো হয় জামায়াতের পক্ষ থেকে।

অধ্যাপক মজিবুর রহমান বলেছেন, শিক্ষা উপদেষ্টা বিষয়গুলো

গুরুত্বের সঙ্গে দেখবেন বলে আশ্বস্ত করেছেন।